



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

নং-ঢাশিবো/বি/১৯৬/টাং/ ৫৮০

তারিখ: ২১/১০/২১

বিষয়: মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের ০৪/১০/২০২১ তারিখের স্মারক নং-৩৭.০০.০০০০.০৭২.৩৩.০০৮.২১-৪৯১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে, টাঙ্গাইল জেলার সখিপুর উপজেলাধীন চনচনিয়া ছোটচওনা পাবলিক উচ্চ বিদ্যালয় কে ০১/০১/২০২১ইং হইতে ৩১/১২/২০২৩ তারিখ পর্যন্ত মোট ৩ (তিন) বছরের জন্য নিম্নবর্ণিত শর্ত আরোপ করে মাধ্যমিক পর্যায়ে মানবিক বিভাগে একাডেমিক স্বীকৃতির প্রদান করা হলো।

শর্তসমূহ:

- ১। এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের ফলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না।
- ২। পরিবেশিত যে কোন তথ্য ভুল বা মিথ্যা প্রমাণিত হলে অস্থায়ী স্বীকৃতি প্রত্যাহার করা হবে।
- ৩। বিদ্যালয়ের শিক্ষারমান উন্নয়নের জন্য শিক্ষকে পাঠভিত্তিক পাঠপরিচালনা প্রস্তুত করে শ্রেণী কক্ষে পাঠদান দিতে হবে।
- ৪। বিদ্যালয়ের লেখা-পড়ার পাশাপাশি সহ-পাঠ্যক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতিক বিষয়ক অনুষ্ঠান) পরিচালনা করতে হবে।
- ৫। জেএসসি পরীক্ষায় কমপক্ষে ৭০% পরীক্ষার্থী উত্তীর্ণ হতে হবে।
- ৬। বিদ্যালয়ের চারিপার্শ্বে মূল্যবান ফলজ ও বনজ বৃক্ষ রোপন করে সংরক্ষণের ব্যবস্থা করতে হবে।
- ৭। সরকারী নীতিমালা অনুযায়ী (নিবন্ধনকৃত) শিক্ষক/শিক্ষিকা নিয়োগ থাকতে হবে এবং প্যাটার্ণ বহির্ভূত কোন শিক্ষক/শিক্ষিকা নিয়োগ করা যাবে না।
- ৮। বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি-এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল হয়ে যাবে।
- ৯। বোর্ডের পরামর্শক্রমে আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নিজস্ব ওয়েবসাইট উন্নয়ন করতে হবে।
- ১০। আগামী ০৬(ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের সমস্ত জমি বিদ্যালয়ের নামে নামজারি ও খারিজ খতিয়ান এবং হালসন নাগাদ খাজনা পরিশোধ করে বোর্ড কে অবহিত করতে হবে।

চেয়ারম্যানের মহোদয়ের আদেশক্রমে

স্বা:

প্রফেসর মোহাম্মদ আবুল মনছুর ভূঞা

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

প্রাপক: প্রধান শিক্ষক

চনচনিয়া ছোটচওনা পাবলিক উচ্চ বিদ্যালয়

পোঃ বড় চওনা উপজেলা- সখিপুর

জেলাঃ টাঙ্গাইল

মেমো নং- ৫৮০ (৯)

তারিখ: ২১/১০/২১

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ২। মহাপরিচালক, বেনবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৩। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৬। উপজেলা নির্বাহী অফিসার, সখিপুর, টাঙ্গাইল।
- ৭। চনচনিয়া ছোটচওনা পাবলিক উচ্চ বিদ্যালয়, সখিপুর, টাঙ্গাইল।
- ৮। পি.এস.টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড ঢাকা।
- ৯। অফিস কপি।


বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড,
ঢাকা।


২১/১০/২১